থানার ভেতরে নারীকে ধর্ষণের অভিযোগ, বরখাস্ত থানার সব পুলিশ সদস্য



ছবি: সংগৃহীত

ভারতের ঝাড়খণ্ডের গমহারিয়া থানার ভেতরে এক নারীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় থানার ১৫ পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গ্রেপ্তার হয়েছেন মূল অভিযুক্তসহ তিন পুলিশ সদস্য।

স্থানীয় সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, গত ২৯ অক্টোবর রাতে স্বামীর সঙ্গে পারিবারিক বিরোধের জেরে পুলিশের সহায়তা নিতে সরাইকেলা-খরসাওয়ান জেলার ওই থানায় যান এক নারী। তাঁকে থানার একটি কক্ষে অপেক্ষা করতে বলা হয়। পরে সেখানে কর্মরত ওয়্যারলেস অপারেটর নীরজ লাকরার বিরুদ্ধে তাঁকে ধর্ষণের অভিযোগ ওঠে।

ঘটনার দুই দিন পর ৩১ অক্টোবর লিখিত অভিযোগ করেন ওই নারী। অভিযোগের ভিত্তিতে মামলা নিয়ে তদন্তে নামে পুলিশ। প্রথমে নীরজ লাকরাকে গ্রেপ্তার করা হয়। পরে দায়িত্বে অবহেলার অভিযোগে উপপরিদর্শক মনোজ কুমার সাহু ও কনস্টেবল সন্তোষ কুমার রাইকেও গ্রেপ্তার করে বিশেষ তদন্ত দল (এসআইটি)। তিনজনকেই বিচারিক হেফাজতে পাঠানো হয়েছে।

এদিকে দায়িত্বে অবহেলা, শৃঙ্খলাভঙ্গ এবং ঊর্ধ্বতন কর্মকর্তাদের সময়মতো ঘটনা না জানানোর অভিযোগে থানার ১৫ সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তাঁদের মধ্যে দুই এসআই, চার এএসআই, দুই হাবিলদার, একজন কনস্টেবল এবং অন্যান্য পদমর্যাদার ছয়জন রয়েছেন।

ঘটনাটি তদন্তে সরাইকেলা মহকুমার পুলিশ কর্মকর্তা (এসডিপিও) অনুভব ভরদ্বাজের নেতৃত্বে এসআইটি গঠন করা হয়েছে। দলটি সংশ্লিষ্টদের জিজ্ঞাসাবাদসহ তদন্ত কার্যক্রম চালাচ্ছে। তদন্তে অপরাধে সম্পৃক্ততা বা দায়িত্বে অবহেলার প্রমাণ মিললে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।